বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd

স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৬.৩৩.০০২.২০-৪২৯ তারিখ: ২৩/০৭/২০২৬ খ্রিঃ

**২০২৭ সালে দাখিল (প্রাইভেট) পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন**
**জরুরি বিজ্ঞপ্তি**

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫৬.২৬.০০১.২৫.২৩, তারিখ: ০৯/০২/২০২৬ ।

এতদ্দারা উপর্যুক্ত সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ইত:পূর্বে যারা নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি তাদের দাখিল প্রাইভেট পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

অত্র বোর্ডের আওতাধীন **দাখিল পরীক্ষার সকল কেন্দ্রস্থিত** মাদ্রাসা প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৭ সালের দাখিল (প্রাইভেট) পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া নিম্নেবর্ণিত নির্দেশাবলি অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা যাবে ।

নির্দেশাবলি

১. শুধুমাত্র ২০২৭ সালে **দাখিল পরীক্ষার কেন্দ্রস্থিত** মাদ্রাসা হতে দাখিল প্রাইভেট রেজিস্ট্রেশন করা যাবে।
২. ২০২৭ সালের দাখিল প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রাইভেট পরীক্ষার্থীদের **বয়স সর্বনিম্ন ১৯ বছর ( ১ লা জানুয়ারী ২০২৭ তারিখে )**।
৩. ফি জমাদানের সময়সূচীঃ

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ক) | অনলাইনে রেজিস্ট্রেশন ফি জমা<br>*(ফি সিস্টেমে জমা হওয়ার পরই কেবলমাত্র তথ্য আপলোডের জন্য নতুন এন্ট্রি অপশন পাওয়া যাবে)* | ০২/০৮/২০২৬ থেকে ২৭/৮/২০২৬ পর্যন্ত |
| খ) | তথ্য (eSIF) এন্ট্রির সর্বশেষ তারিখ | ৩১/০৮/২০২৬ পর্যন্ত |

৪. আবেদনের **যে প্রক্রিয়ায় করতে হবে** তা নিম্নরূপ:
(ক) যে কোন ব্রাউজার হতে সরাসরি www.ebmeb.gov.bd প্রবেশ করে e-sife এ গিয়ে প্রতিষ্ঠানের EIIN ও Entry Password দিয়ে লগইন (Login) করে **পেমেন্ট অপশনে** ক্লিক করে শিক্ষার্থী সংখ্যা এন্ট্রি দিয়ে **সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ২৪১/-** রেজিস্ট্রেশন ফি প্রদান করতে হবে।
(খ) রেজিস্ট্রেশন ফি সিস্টেমে জমা হওয়ার পরই কেবলমাত্র শিক্ষার্থীর তথ্য আপলোডের জন্য **নতুন এন্ট্রির** অপশন পাওয়া যাবে। এন্ট্রি অপশনে গিয়ে আলিম প্রাইভেট সিলেক্ট করতে হবে। এন্ট্রিকৃত শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ তথ্যের তালিকার প্রিন্ট আউট নিয়ে ভালভাবে তথ্য যাচাই বাছাই করতে হবে। যাচাই বাছাইয়ে ভুল ধরা পড়লে লিস্টের Edit অপশনে ক্লিক করে তথ্য সংশোধন করতে পারবে
**বি:দ্র: জন্ম নিবন্ধন কার্ড/জাতীয় পরিচয়পত্র অনুযায়ী সকল তথ্য এন্ট্রি সম্পন্ন করতে হবে।**
৫. দাখিল (প্রাইভেট) পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশনের মেয়াদ ০১ (এক) বছর নির্ধারিত (নবায়নযোগ্য নয় ) ।
৬. চাকুরীরত প্রার্থীদের বিজ্ঞপ্তির অন্যান্য শর্ত ঠিক থাকলে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে রেজিস্ট্রেশন ও ফরমপূরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
৭. প্রাইভেট পরীক্ষার রেজিস্ট্রেশন ও ফরমপূরনের জন্য যে কোন আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৮. ডাকযোগে/সরাসরি রেজিস্ট্রেশন ও পরীক্ষার ফরমপূরণ সংক্রান্ত কোন আবেদনপত্র গ্রহণ যোগ্য নয়।
৯. প্রাইভেট পরীক্ষার্থীগণ শুধুমাত্র সাধারণ ও মুজাব্বিদ শাখায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
১০. প্রাইভেট পরীক্ষার্থী অতিরিক্ত বিষয় গ্রহণ করতে পারবে না।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

***বি:দ্র: শুধুমাত্র রেজিস্ট্রেশন ফি প্রদান ও তথ্য এন্ট্রি সংক্রান্ত সমস্যার সমাধানের জন্য অফিস সময়ের মধ্যে প্রতিষ্ঠানের EIIN ভিত্তিক সিম নম্বর দিয়ে ০১৭১৩-০৬৮৯০৯/০১৮২৪-৬০৬৬৫৪ যোগাযোগ করতে হবে।***

(প্রফেসর এস এম তৌহিদুজ্জামান)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৬.৩৩.০০২.২০-৪২৯ তারিখঃ ২৩/০৭/২০২৬ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণঃ
১. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
২. পরামর্শক, কম্পিউটার কেন্দ্র (চুক্তিভিত্তিক), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৩. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৪. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৫. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল;
৬. পি.ও.টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৭. অফিস কপি।

(মো: জিয়াউর রহমান)
উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ০২-২২৩৩৬৫৪০৩
ই-মেইল: drcommon@bmeb.gov.bd

দাখিল প্রাইভেট :আনিস